গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

## ডিসেম্বর/২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মোফাজ্জেল হোসেন
সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ২৭.১২.২০১৭ খ্রিঃ
সময় : সকাল ৩.৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ (৯ম তলা), রেলভবন, ঢাকা।

০২। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট - 'ক'-তে দেখানো হলো।

০৩। সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে গত ২২.১১.২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী না থাকায় নভেম্বর/২০১৭ মাসের কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। অতঃপর সভাপতি মাসিক সমন্বয় সভার আলোচ্যবিষয়সমূহ উপস্থাপনের জন্য উপ-সচিব (প্রশাসন)) কে অনুরোধ করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে/কার্যক্রম গ্রহণে |
|---|---|---|---|---|
| ৪.১ | রেলওয়ের সেবার মানোন্নয়ন (যাত্রীসেবা, নির্ধারিত সময় অনুসারে ট্রেন পরিচালনা ইত্যাদি) | ১। সভায় যাত্রীসেবার মান-উন্নয়নের বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে জানান যে, যাত্রীসেবার প্রধান মানদন্ড 'সময়সূচী' অনুযায়ী ট্রেন চলাচল নিশ্চিত করা। বর্তমানে নির্ধারিত সময়সূচী অনুযায়ী ট্রেন চলাচল নিশ্চিত করা হচ্ছে। এছাড়া ট্রেনের টিকেট সহজপ্রাপ্তির লক্ষ্যে অন-লাইনে ২৫% টিকেটের ব্যবস্থা রাখা হয়েছে। টিকেট কালোবাজারী রোধে এবং বিনা টিকেটে ভ্রমণ রোধে নিয়মিত অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। সভাপতি বলেন যাত্রীসেবার মানোন্নয়নের মানদন্ডসমূহ এবং তা পরিমাপের একক নির্ধারণে একটি সভার আয়োজন করা যেতে পারে। সভায় ট্রেনে উঠানামার ব্যবস্থা, টিকেট কালোবাজারী বন্ধ করা, যাত্রী ও মালামালের নিরাপত্তা নিশ্চিত করা, স্বাস্থ্যকর ওয়াশরুম ব্যবস্থাপনা প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। | ১। যাত্রীসেবা মান-উন্নয়নের প্রয়োজনীয় মানদন্ড ও তা পরিমাপের একক নির্ধারণে রেলপথ মন্ত্রণালয়ে একটি সভা করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |
| | | ২। সভায় জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মতে বাংলাদেশ রেলওয়ে হতে পয়েন্টসম্যান পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব এবং সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিব জানান যে, পয়েন্টসম্যান পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব ১০.০৯.১৭ খ্রিঃ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং সহকারী লোকোমোটিভ | ২। সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব রেলপথ মন্ত্রণালয় থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৫.০১.১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মাস্টার গ্রেড-২ পদের নিয়োগ বিধি সংশোধনের প্রস্তাব চলতি সপ্তাহে রেলপথ মন্ত্রণালয় থেকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>৩। সভায় ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করার জন্য outsourcing এর মাধ্যমে সুইপার নিয়োগের বিষয়ে আলোচনা হয়। মহাব্যবস্থাপক (পূর্ব) বলেন যে, ইতোমধ্যে সুইপার নিয়োগে ই-টেন্ডারের মাধ্যমে প্রতিষ্ঠান নির্বাচন করা হয়েছে। পূর্ব অঞ্চলের ই-টেন্ডারের মাধ্যমে সুইপার নিয়োগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হওয়ায় সভাপতি সশ্লিষ্টদের ধন্যবাদ জানান এবং আশা প্রকাশ করেন যে, সুইপার নিয়োগের কার্যক্রম সম্পন্ন হওয়ায় ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা যথাযথভাবে সম্পন্ন হবে।<br>৪। সভাপতি সভায় প্রধান চিকিৎসা কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। | ৩। পরিচ্ছন্নতা কর্মীদের ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে।<br>৪। প্রধান চিকিৎসা কর্মকর্তাকে আগামী সমন্বয় সভা থেকে নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে হবে। | ১। অতি: সচিব (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব)/পশ্চিম, বাংলাদেশ রেলওয়ে।<br>১। অতি: সচিব (প্রশাসন) |
| ৪.২ | রেলওয়ের নিরাপত্তা ব্যবস্থা | ১। সভায় জানানো হয়, অগ্নি নির্বাপন যন্ত্রের ব্যবহার ও পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত গত ২৯.১০.২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সভা অনুষ্ঠিত হয়েছে।<br>প্রশিক্ষণ ও মহড়া আয়োজনের বিষয়ে সভায় মহাব্যবস্থাপক (পশ্চিম) জানান যে তিনি ০৪.১২.১৭ খিঃ তারিখে প্রশিক্ষণ ও ১৪.১২.১৭ খিঃ তারিখে মহড়ার আয়োজন করেছেন । মহাব্যবস্থাপক (পূর্ব) এবং উপ-সচিব (প্রশাসন) জানান যে, পূর্বাঞ্চলে এবং মন্ত্রণালয়ে প্রশিক্ষন ও মহড়া আয়োজন করা যায়নি। আগামী ১৫ জানুয়ারী, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রশিক্ষন ও মহড়ার আয়োজন করবেন বলে তারা জানান।<br>২। উপ-সচিব (প্রশাসন) জানান যে, উভয় অঞ্চলের Stone Throwing Area-র তালিকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের নিকট প্রেরণ পূর্বক ট্রেনে ঢিল ছোড়া বন্ধে সংশ্লিষ্ট এলাকার জনসাধারনকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে নিয়মিত যোগাযোগ রেখে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করার উপর সভাপতি গুরুত্বারোপ করেন। | ১। মন্ত্রণালয় এবং রেলওয়ে (পূর্বাঞ্চল) ১৫.০১. ২০১৮ খিঃ তারিখের মধ্যে প্রশিক্ষণ ও মহড়ার আয়োজন সম্পন্ন করবেন।<br>২। “Stone Throwing Area”-র সংশ্লিষ্ট জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে।<br>১। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

৪.৩ জনবল নিয়োগ ও প্রশিক্ষণ সংক্রান্ত

নভেম্বর/২০১৭ পর্যন্ত রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের জনবল ও শূন্য পদের বিবরণঃ

| রেলপথ মন্ত্রণালয় | | | | বাংলাদেশ রেলওয়ে | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শ্রেণী | মোট পদ | জনবল | শূন্যপদ | শ্রেণী | মোট পদ | জনবল | শূন্যপদ |
| ১ম | ৪৩ | ৩৫ | ৮ | ১ম | ৫৬৩ | ৪২১ | ১৪২ |
| ২য় | ৩৩ | ৭ | ২৬ | ২য় | ১৫৮৭ | ৯২৩ | ৬৬৪ |
| ৩য় | ৩০ | ১৯ | ১১ | ৩য় | ২১৬৪৪ | ১৩০৮০ | ৮৫৬৪ |
| ৪র্থ | ২৯ | ২৬ | ৩ | ৪র্থ | ১৬৪৮১ | ১১০২৭ | ৫৪৫৪ |
| মোট- | ১৩৫ | ৮৭ | ৪৮ | মোট- | ৪০২৭৫ | ২৫৪৫১ | ১৪৮২৪ |

সভায় নভেম্বর /২০১৭ পর্যন্ত রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের জনবল ও শূন্য পদের বিবরণ উপস্থাপন করা হয়। শূন্য পদের বিপরীতে মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার নিম্নরূপ সময়সীমা উপস্থাপন করেন:

মহাব্যবস্থাপক (পূর্ব)

| পদের নাম | পদের সংখ্যা | বর্তমান অবস্থা | সমাপ্তিকাল |
|---|---|---|---|
| অফিস সহকারি | ১৩৩ | লিখিত পরীক্ষা | ফেব্রু/১৮ |
| রিভেটার গ্রেড-২ | ৯ | লিখিত পরীক্ষা | ঐ |
| টিএনটি | ৩৬ | লিখিত পরীক্ষা | ঐ |
| সাট মুদ্রাঃ কাম কম্পিঃ অপাঃ | ১৭ | লিখিত পরীক্ষা | ঐ |
| অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ | ৬৬ | লিখিত পরীক্ষা | ঐ |
| মেটাঃ চেকাঃ | ১৮ | মৌখিক পরীক্ষা | মার্চ/১৮ |
| মোটর ড্রাইঃ | ২ | বিজ্ঞপ্তি হয়েছে | |
| সহঃ স্টেশন মাস্টার | ৮৬ | বিজ্ঞপ্তি হয়েছে | |
| এএলএম গ্রেড-২ | ৪৩ | বিজ্ঞপ্তি হয়েছে | |
| এমএস | ২০ | বিজ্ঞপ্তি হয়েছে | |
| খালাসী | ৮৬৫ ও ১২৬ | ফলাফলের অপেক্ষাধীন | |
| ট্রেড এপ্রেন্টিস | ১৮০ | মৌখিক পরীক্ষার জন্য | |
| পরিচ্ছন্নতা কর্মী | ২১২ | ফলাফলের অপেক্ষাধীন | |
| গুডস সহঃ গ্রেড-২ | ১৩ | | তথ্য নেই |

মহাব্যবস্থাপক (পশ্চিম)

| পদের নাম | পদের সংখ্যা | বর্তমান অবস্থা | সমাপ্তিকাল |
|---|---|---|---|
| এলআই | ২ | মৌখিক পরীক্ষা | ফলাফলের অপেক্ষাধীন |
| সার্কেল অফিসার | ২ | মৌখিক পরীক্ষা | ঐ |
| এসআই/আরএনবি | ৪ | মৌখিক পরীক্ষা | ঐ |
| টিসি গ্রেড-২ | ৮১ | বিজ্ঞপ্তি হয়েছে | - |
| বুকিং সহঃ গ্রেড-২ | ৯৬ | বিজ্ঞপ্তি হয়েছে | - |
| পোর্টার | ৯১ | বিজ্ঞপ্তি হয়েছে | - |

১। উভয় অঞ্চলের নিয়োগ কার্যক্রম সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে।

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।
২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।

২। সভাপতি জানান, বাংলাদেশ রেলওয়ের ঊর্ধ্বতন যে সকল পদে নিয়োগবিধি নেই, সে সকল পদের পদোন্নতি প্রস্তাব এসএসবি বিবেচনা করবে না। সুতরাং এ ধরনের পদের দ্রুত নিয়োগবিধি প্রস্তুত করা আবশ্যক।

১। বাংলাদেশ রেলওয়ের ঊর্ধ্বতন যে সকল পদে নিয়োগবিধি নেই পৃথকভাবে তা প্রণয়ন করতে হবে।

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।

<table>
<tr>
<td>৪.৪</td>
<td>রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি এবং পরিচালন ব্যয় হ্রাস।</td>
<td>
১। APA-র লক্ষ্যমাত্রা অনুযায়ী খাত ভিত্তিক (যাত্রী, মালামাল, পার্শ্বেল ও অন্যান্য) অর্জনের তথ্য নিম্নরূপঃ<br><br>
অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন)(নভেম্বর/২০১৭ পর্যন্ত)
<table>
<tr><td>বিষয়</td><td>যাত্রী (লক্ষ টাকা)</td><td>মালামাল (লক্ষ টাকা)</td><td>বাণিজ্যিক (লক্ষ টাকা)</td><td>বিবিধ (লক্ষ টাকা)</td><td>মোট (লক্ষ টাকা)</td></tr>
<tr><td>লক্ষ্য মাত্রা</td><td>৩৮৫৯০</td><td>১৯১৬১</td><td>১৫৮৯</td><td>১২১৪১</td><td>৭১৪৮১</td></tr>
<tr><td>আয়</td><td>৪০১৬০</td><td>১৩০১৯</td><td>১১১৪</td><td>৬৪৮৮</td><td>৬০৭৮১</td></tr>
<tr><td>অর্জন (%)</td><td>১০৪</td><td>৬৮</td><td>৭০</td><td>৫৩</td><td>৮৫</td></tr>
</table>
<br>
অতিরিক্ত মহাপরিচালক(অর্থ) (অক্টোবর/২০১৭ পর্যন্ত)
<table>
<tr><td>বিষয়</td><td>যাত্রী (লক্ষ টাকা)</td><td>মালামাল (লক্ষ টাকা)</td><td>বাণিজ্যিক (লক্ষ টাকা)</td><td>বিবিধ (লক্ষ টাকা)</td><td>মোট (লক্ষ টাকা)</td></tr>
<tr><td>লক্ষ্য মাত্রা</td><td>২৮০০০</td><td>১১১৬৬</td><td>২৭৬৬</td><td>৪১৯৩২</td><td>২৮০০০</td></tr>
<tr><td>আয়</td><td>১৩৬৫৮</td><td>৫০৬১</td><td>৪৮১৪</td><td>২৩৫৩৩</td><td>১৩৬৫৮</td></tr>
<tr><td>অর্জন (%)</td><td>৪৮.৭৭</td><td>৪৫.৩২</td><td>১৭৪.০৪</td><td>৫৬.১২</td><td>৪৮.৭৭</td></tr>
<tr><td colspan="6">ব্যয়</td></tr>
<tr><td colspan="3">সম্ভাব্য ব্যয়</td><td colspan="3">২১৯৫৭</td></tr>
<tr><td colspan="3">প্রকৃত ব্যয়</td><td colspan="3">৯৬৫৯</td></tr>
<tr><td colspan="3">ব্যয় (%)</td><td colspan="3">৪৩.৯৯</td></tr>
</table>
<br>
সভায় বাংলাদেশ রেলওয়ের APA-র লক্ষ্যমাত্রা অনুযায়ী খাত ভিত্তিক আয় বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) কর্তৃক প্রদেয় তথ্যানুসারে মালামাল ও বাণিজ্যিক খাতে আয় লক্ষ্যমাত্রা থেকে কম। অন্যদিকে, বাংলাদেশ রেলওয়ের আয়ের ক্ষেত্রে অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) এর প্রতিবেদনের মধ্যে সবসময় পার্থক্য পরিলক্ষিত হয়। বিদ্যমান এ পার্থক্য কমিয়ে আনার বিষয় আলোচনা হয়।
</td>
<td>১। লক্ষমাত্রা অর্জনের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) এর প্রতিবেদ নের মধ্যে বিদ্যমান পার্থক্য কমিয়ে আনার বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহন করবেন।</td>
<td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৪.৫</td>
<td>বাংলাদেশ রেলওয়ের জমিতে অবস্থিত অবৈধ স্থাপনা উচ্ছেদ কার্যক্রম।</td>
<td>নভেম্বর/১৭ মাস পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অঞ্চলভিত্তিক মোট জমি, অবৈধ দখলে থাকা জমি ও অবৈধ দখল উচ্ছেদপূর্বক দখলে আনা জমির তথ্য সভায় উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><th>অঞ্চল</th><th>মোট জমি (একর)</th><th>নভেম্বর/১৭ পর্যন্ত অবৈধ দখলে থাকা জমি (একর)</th><th>নভেম্বর/১৭ মাসে উদ্ধারকৃত জমি (একর)</th><th>মাস শেষে অবৈধ দখলে থাকা জমি (একর)</th></tr>
<tr><td>পূর্ব</td><td>২৪৪৪০.৯৩</td><td>৭৪১.২১</td><td>৪৫.৪৮</td><td>৬৯৫.৭৩</td></tr>
<tr><td>পশ্চিম</td><td>৩৭৪১৯.৩৫</td><td>২৯৩৬.২২</td><td>১৮.৪৫</td><td>২৯১৭.৭৭</td></tr>
<tr><td>মোট</td><td>৬১৮৬০.২৮</td><td>৩৬৭৭.৪৩</td><td>৬৩.৯৩</td><td>৩৬১৩.৫০</td></tr>
</table>
সভাপতি বলেন যে, উচ্ছেদ অভিযান আরো জোরদার করতে হবে, পাশাপাশি রেলওয়ের জমি উচ্ছেদ এবং নতুন করে দখলকৃত জমির হিসাব দাখিল করতে হবে।</td>
<td>১। নিয়মিত উচ্ছেদ অভিযান পরিচালনাসহ উচ্ছেদ অভিযান জোরদার করতে হবে। পাশাপাশি রেলওয়ের জমি উচ্ছেদ এবং নতুন করে দখলকৃত জমির হিসাব দাখিল করতে হবে।<br><br>২। রেলওয়ের জমি নতুন করে কেউ যাতে দখল করতে না পারে সে বিষয়ে রেলওয়ে নিরাপত্তা বাহিনী তাদের উপর অর্পিত দায়িত্ব পালন করবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (আইন), রেলপথ মন্ত্রণালয়।<br><br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। জিএম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম)।<br>৫। চীফ কমান্ডেন্ট (পূর্ব ও পশ্চিম)।</td>
</tr>
<tr>
<td rowspan="2">৪.৬</td>
<td rowspan="2">বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলা নিষ্পত্তি</td>
<td colspan="3">নভেম্বর/২০১৭ মাস পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের সার্টিফিকেট মামলার বিবরণঃ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>রেলওয়ে অঞ্চল</th><th colspan="2">পূর্ব মাসের জের</th><th colspan="2">নভে/১৭ মাসে নিষ্পত্তি</th><th colspan="2">নভে/১৭ মাসে দায়ের</th><th colspan="2">নভে/১৭ মাসে সমাপনান্তে</th></tr>
<tr><th></th><th></th><th>মামলা</th><th>দাবীকৃত টাকার পরিমাণ</th><th>মামলা</th><th>আদায়কৃত টাকার পরিমাণ</th><th></th><th></th><th>মামলা</th><th>দাবীকৃত টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>পূর্ব</td><td>১১২</td><td>৫৭৭৭৭২৪৫/-</td><td>-</td><td>৮৭০৮১/-</td><td>-</td><td>-</td><td>১১২</td><td>৫৭৬৯০১৬৪/-</td></tr>
<tr><td>২</td><td>পশ্চিম</td><td>৪৯</td><td>৪২১৮২৭৩/-</td><td>-</td><td>২৩০০০০/</td><td>-</td><td>-</td><td>৪৯</td><td>৩৯৯৮৮২৭৩/-</td></tr>
<tr><td>৩</td><td>মোট</td><td>১৬১</td><td>৬১৯৯৫৫১৮/-</td><td>-</td><td>২২৩০৮১/</td><td>-</td><td>-</td><td>১৬১</td><td>৯৭৬৭৮৪৩৭/-</td></tr>
</table></td>
</tr>
<tr>
<td>সভায় জানানো হয়, নভেম্বর/২০১৭ মাসে কোন মামলার নিষ্পত্তি হয়নি, তবে ২২৩০৮১ টাকা আদায় হয়েছে। ডিজি, বিআর জানান যে, সার্টিফিকেট মামলায় দাবীর পরিমান অনেক হলেও সার্টিফিকেট অফিসার কর্তৃক কিস্তির পরিমাণ কম নির্ধারণ করায় আদায়ের পরিমাণ কম হয়। বিষয়টি বিবেচনায় রেখে কিস্তি নির্ধারণ করার জন্য জেলা প্রশাসকদের পত্র দিতে তিনি প্রস্তাব করেন।</td>
<td>১। পেন্ডিং সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। যে সমস্ত সার্টিফিকেট মামলায় দাবীর পরিমান বেশী, কিন্তু কিস্তির পরিমাণ কম - এরুপ মামলার তালিকা বাংলাদেশ রেলওয়ে প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরন করবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। জিএম (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৩। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
</table>

৪.৭ বাংলাদেশ রেলওয়ের ভূমি উন্নয়ন কর ও পৌর কর পরিশোধ।

বাংলাদেশ রেলওয়ের নিকট ভূমি উন্নয়ন কর হিসেবে ভূমি মন্ত্রণালয়ের দাবী এবং পরিশোধিত ভূমি উন্নয়নকরের বিবরণঃ

| ক্র: নং | অঞ্চল | নভে/ ১৭ মাস পর্যন্ত দাবী (কোটি) | ভূমি উন্নয়ন কর খাতে প্রাপ্ত বরাদ্দ (২০১৭-১৮) | ভূমি উন্নয়ন কর পরিশোধ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | জুলাই/১৭ পর্যন্ত পরিশোধিত (২০১৬-১৭) | সেপ্টেম্বর/১৭ পর্যন্ত পরিশোধিত | মোট পরিশোধ | |
| ১ | পূর্ব | ৫.০০ কোটি | ১৭.০০ কোটি | ১০.০০ কোটি | - | - | দাবী পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। |
| ২ | পশ্চিম | - | ১২.০০ কোটি | ৬.৬৬ কোটি | - | - | এ সি ল্যান্ড অফিস থেকে কোন দাবী এখনো পাওয়া যায়নি। |
| ৩ | মোট | ৫.০০ কোটি | ২৯.০০ কোটি | ১৬.৬৬ কোটি | - | - | |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে ভূমি উন্নয়ন কর পরিশোধের জন্য মোট ২৯.০০ কোটি টাকা বাজেট বরাদ্দ আছে। উক্ত বরাদ্দকৃত অর্থ যেন ফেরত না যায় সেদিকে লক্ষ্য রাখার জন্য মহাপরিচালক (পূর্ব/পশ্চিম) কে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১। ভূমি উন্নয়ন করের অর্থ যেন ফেরত না যায় সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>২। সহকারী কমিশনার (ভূমি) অফিস হতে দাবী পাওয়ার সাথে সাথে কর পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ভূমি উন্নয়ন করের অর্থ যাতে সময়মত পরিশোধ করা হয় এবং সংশ্লিষ্ট একাউন্টে তার প্রতিফলন ঘটে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও (বাজেট), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে।<br>৪। প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |

৪.৮ নভেম্বর/২০১৭ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অডিট আপত্তি এবং দাবী ও নিষ্পত্তির বিবরণঃ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ সংস্থা/অঞ্চল | নভে/১৭ পর্যন্ত মোট আপত্তি | | | | নভে/১৭মাসে নিস্পত্তি | | | | নভে/১৭ পর্যন্ত মোট অনিষ্পন্ন আপত্তি ও দাবী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারন | অগ্রিম | খসড়া | মোট দাবী | সাধারন | অগ্রিম | খসড়া | মোট আদায় | সাধারন | অগ্রিম | খসড়া | মোট টাকা |
| ১ | রেলপথ মন্ত্রণালয় | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ২ | জিআইবিআর | - | - | - | - | - | - | - | - | - | - | - | - |
| ৩ | বি আর | ৫৮০ | ৫৩ | ১১০ | ১৩৬১২৬১ | - | - | - | - | ৫৮০ | ৫৩ | ১১০ | ১৩৬১২৬১ |
| ৪ | বি আর (পূর্বঅঞ্চল) | ৪৬৭৩ | ৫৪৯ | ১৬৮ | ৫৩৫৩৪৪৬২৬ | ৩৪ | ৩ | - | ৮৫০৪৪ | ৪৬৮৪ | ৫৪৯ | ১৬৭ | ৫৩৫২৫৯৬৩৯ |
| ৫ | বিআর (পশ্চিমাঞ্চল) | ৭৫৯৭ | ৫৮০ | ৩৩৭ | ১৬৭৬০৫৮১ | ৬ | - | - | ২৪২৮৪ | ৭৫৮২ | ৫৮০ | ৩৩৭ | ১৬৭৩৬২৯৭ |
| ৬ | মোট | ১২৮৫০ | ১১৮২ | ৬১৫ | ৫৫৩৪৬৬৪৬৮ | ৪০ | ৩ | - | ১০৯৩২৮ | ১২৮৪৬ | ১১৮২ | ৬১৪ | ৫৫৩৩৫৭১৯৭ |

| | | | | |
|---|---|---|---|---|
| | বাংলাদেশ রেলওয়ের অডিট আপত্তি নিষ্পত্তি। | উপস্থাপিত বিষয়ে আলোচনা হয়। দেখা যায়, নভেম্বর/২০১৭ মাসে ৪ ৩ টি আপত্তি নিস্পত্তি হয়েছে যার আর্থিক মূল্যের পরিমাণ **১০৯৩২৮** টাকা। ডিজি, বিআর জানান যে, অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানগণকে পত্র প্রেরণ করা হয়েছে। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) বলেন যে, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ০৩টি ত্রিপক্ষীয় সভা করা হয়েছে। তিনি জানান যে, আপত্তি সমূহ নিষ্পত্তির লক্ষ্যে মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) গণ Crash Program কার্যক্রম পরিচালনা করছেন। এছাড়া, মন্ত্রণালয় হতে Crash Program পরিচালনার নিমিত্ত বাংলাদেশ রেলওয়ের দপ্তর ওয়ারী অডিট আপত্তির তালিকা /তথ্য প্রেরণের জন্য ডিজি, বিআর ও জিএমগণকে অনুরোধ করা হয়েছে। এছাড়া, পিএ কমিটির সভার অনুশাসনের আলোকে অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আপত্তি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিবদের সাথে সভা করাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | ১। অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হতে হবে।<br>২। সাধারণ আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত Crash Program দ্রুততর করতে হবে।<br>৩। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম) এর প্রত্যেককে মাসে ১২টি করে সভা করতে হবে।<br>৪। PA কমিটিতে উপস্থাপিত আপিত্তসমূহ দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।<br>৪। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে। |
| ৪.৯ | ই-ফাইলিং/ই-টেন্ডারিং/ উদ্ভাবনী বিষয়। | ই- ফাইলিং কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে প্রতি শাখায় কমপক্ষে ৪০ ভাগ নথি ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তির বিষয়টি বার্ষিক কর্ম সম্পাদনের চুক্তিতে উল্লেখ রয়েছে বলে অতিরিক্ত সচিব (আইসিটি) সভায় অবহিত করেন। প্রতিমাসে উপস্থাপিত নথির ৪০ ভাগ নথি ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পত্তির জন্য এবং উপস্থাপিত ও নিষ্পত্তিকৃত নথির তথ্য সংরক্ষণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১। প্রতি শাখায় কমপক্ষে ৪০ ভাগ নথি ই-ফাইলিং এর আওতায় নিষ্পত্তি করতে হবে এবং তথ্য সংরক্ষণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে। |
| ৪.১০ | রেলওয়ে পুলিশ এবং রেলওয়ে নিরাপত্তা বাহিনীর কার্যক্রম। | অতিরিক্ত ডিআইজি, রেলওয়ে পুলিশ সভায় জানান যে, রেলওয়ে পুলিশ হেডকোয়ার্টার্স এর অধীন চট্টগ্রাম ও সৈয়দপুর রেলওয়েতে টিকিট কালোবাজারী, বিনা টিকিটে ভ্রমণকারী, ট্রেনের ছাদে ভ্রমণকারী, মাদক/ধুমপান, চোরাকারবারী, ভবঘুরে/টোকাই ও অন্যান্য অপরাধ নিবারণে ২৪৪০টি অভিযান পরিচালনা করে, ৫৩৩৪ জনকে আটক, ৯৩১৬১৯ টাকা জরিমানা এবং ২৯৫৩১৫৫ টাকা মূল্যমানের বিভিন্ন মালামাল | ১। ট্রেনে অস্ত্র, মাদকসহ অন্যান্য চোরাইমাল পরিবহন প্রতিরোধকল্পে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে এবং জেলা ম্যাজিস্ট্রেটদের অবহিত রেখে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।<br>২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, রেলওয়ে পুলিশ।<br>৩। চীফ কমান্ড্যান্ট (পূর্ব ও পশ্চিম)। |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>উদ্ধার করেন। উদ্ধারকৃত মালামালের মধ্যে বিভিন্ন ধরণের মাদকদ্রব্য, শক্তিবর্ধনকারী ওষুধ, প্রসাধনী সামগ্রী এবং খাদ্য সামগ্রী উল্লেখযোগ্য। রেলওয়ের সামগ্রিক নিরাপত্তার বিষয় আলোচনা হয়।<br><br>রেলওয়ে পুলিশের কার্যক্রমঃ<br>
<table>
<tr><th>মাসের নাম</th><th>অভিযান সংখ্যা</th><th>গ্রেফতার কৃত আসামী</th><th>জরিমানা টাকা</th><th>আটককৃত মালামালের মূল্য</th></tr>
<tr><td>পূর্ব মাস</td><td>২৬৬২</td><td>৬৪৭৫</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>নভে/১৭</td><td>২৪৪০</td><td>৫৩৩৪</td><td>৯৩১৬১৯</td><td>২৯৫৩১৫৫</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৪.১১</td>
<td>বিভাগীয় মামলা নিষ্পত্তি।</td>
<td>বাংলাদেশ রেলওয়ের বিভাগীয় মামলার তথ্যাবলী নিম্নরুপঃ<br>
<table>
<tr><th>পূর্ব মাসের জের</th><th>নভে/১৭ মাসে আগত মামলা</th><th>মোট মামালা</th><th>নভে/১৭ মাসে নিষ্পত্তি</th><th>মাস শেষে অনিষ্পন্ন মামালা</th></tr>
<tr><td>২৯৮</td><td>৪১</td><td>৩৩৯</td><td>৫৪</td><td>২৮৫</td></tr>
</table>
<br>বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়। তদন্তাধীন সকল মামলার দ্রুত তদন্ত শেষ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td>
<td>১। বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
<tr>
<td>৪.১২</td>
<td>অনিষ্পন্ন বিষয়</td>
<td>সভায় রেলপথ মন্ত্রণালয়ের নিকট বাংলাদেশ রেলওয়ের এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়ের নিম্নরুপ তালিকা উপস্থাপন করা হয়।<br><br>পেন্ডিং বিষয়ের তালিকাঃ<br>
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>১ মাস</th><th>৩ মাস</th></tr>
<tr><td>মন্ত্রণালয়ের নিকট বিআর এর পেন্ডিং মামলা</td><td>০২</td><td>৫৪</td></tr>
<tr><td>বিআর নিকট মন্ত্রণালয়ের এর পেন্ডিং মামলা</td><td>১৩৫</td><td>১৫৬</td></tr>
<tr><td>মোট</td><td>১৩৭</td><td>২১০</td></tr>
</table>
<br>দেখা যায় ৩ মাসের বেশী সময় ধরে পেন্ডিং বিষয়ের সংখ্যা ২১০ টি। পেন্ডিং বিষয়গুলি নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়।</td>
<td>১। মন্ত্রণালয়ের নিকট বাংলাদেশ রেলওয়ের এবং বাংলাদেশ রেলওয়ের নিকট মন্ত্রণালয়ের অনিষ্পন্ন বিষয়গুলোর পৃথক এবং বিস্তারিত তালিকা মেট্রিক্স আকারে উপস্থাপন করতে হবে।<br><br>২। অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>১। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।<br>২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।</td>
</tr>
</table>

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: মোফাজ্জেল হোসেন)
সচিব